তারিখ ...
পৃষ্ঠা ১৪ কলাম ২

ইত্তেফাক

# কলমাকান্দায় ৮৬ প্রধান শিক্ষকের পদ শূন্য

■ কলমাকান্দা (নেত্রকোনা) সংবাদদাতা

নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষকের ৮৬টি পদ শূন্য রয়েছে। ফলে বিদ্যালয়গুলোতে প্রশাসনিক ও শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় ১৫৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৮৬টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে সহকারী শিক্ষকরা ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করছেন।

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বপ্রাপ্ত সহকারী শিক্ষকরা জানান, তারা সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত বিদ্যালয়ে অবস্থান করেন। বিদ্যালয়ে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পাঠদান ছাড়াও প্রধান শিক্ষকের অতিরিক্ত দায়িত্ব পালন করতে গিয়ে হিমশিম খাচ্ছেন।

এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. মোজাম্মেল হক ইত্তেফাক সংবাদদাতাকে জানান—দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক নিয়োগ প্রক্রিয়া বন্ধ রয়েছে। তাই সহকারী শিক্ষকদের উপর নির্ভর করেই প্রাথমিক শিক্ষা কার্যক্রম চালাতে হচ্ছে। সরকার নতুন নিয়োগ দিলে এ সমস্যা নিরসন হবে বলে আশা করছি।